চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
সিডিএ ভবন, চট্টগ্রাম
www.cda.gov.bd

স্মারক নম্বর-২৫.৪৭.১৫০০.০১৮.১১.০০১.২৩-২৫০ তারিখ : ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

## নিয়োগপত্র

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন অনুবিভাগ-১, প্রশাসন শাখা-২, ১৪ অক্টোবর ২০২৫ তারিখের ২৫.০০.০০০০.১২৩.৩২.০০২.১২.৮০৯ নং স্মারকের ছাড়পত্র ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ২০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ২৫.৪৭.১৫০০.০১৮.১১.০০১.০৭-১৭৯ ও ২১ অক্টোবর ২০২৫ তারিখের ২৫.৪৭.১৫০০.০১৮.১১.০০১.০৭(অংশ-১)-১২৮ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি এবং চউক নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশের আলোকে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ৪৬৮ তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অপেক্ষমান তালিকার নিম্নোক্ত ১(এক) জন প্রার্থীর অনুকূলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের রাজস্বখাতভুক্ত ***"সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর"*** পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড-১৩ বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- এ বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তসমূহ পালন সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে মেধাক্রম অনুসারে নিয়োগপত্র প্রদান করা হলো।

২। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ আগামী ২০ আগস্ট ২০২৬ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করবেন।

| ক্রমিক নং | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ১২০০৬৩ | জনাব ইশান চাকমা<br>পিতা-সুরেশ কুমার চাকমা<br>মাতা-চঞ্চলা চাকমা | গ্রাম-বেতছড়ি, ১নং সুবলং ইউনিয়ন, ডাকঘর-সুবলং-৪৫০০, উপজেলা-বরকল, জেলা-রাঙ্গামাটি |

### শর্তাবলী

১। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে কোন প্রার্থী চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

২। যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, পরীক্ষার প্রবেশপত্র ও আবেদনের কপিসহ সংশ্লিষ্ট সকল সনদের মূলকপি দাখিল করতে হবে।

৩। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে প্রথম ৬(ছয়) মাস "শিক্ষানবিস" হিসেবে চাকুরি করতে হবে। এ সময় চাকুরি সন্তোষজনক হলে চাকুরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

৪। শিক্ষানবিসকালে যদি কোন শিক্ষানবিস এর কাজ ও আচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক নয় বলে বিবেচিত হয় অথবা কোন শিক্ষানবিস ভবিষ্যতে তার দক্ষতা বৃদ্ধি করতে পারবে না বলে কর্তৃপক্ষ মত পোষণ করেন তবে উক্ত শিক্ষানবিসকে শিক্ষানবিসকাল অতিক্রান্ত হওয়ার পূর্বে যে কোন সময় চাকুরিচ্যুত করা যাবে।

৫। নিয়োগকৃত প্রার্থী সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় চাকুরিরত থাকাবস্থায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আবেদন করেছেন মর্মে প্রমাণ পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৬। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদে কোন গড়মিল পাওয়া গেলে অথবা যে কোন তথ্য গোপন করা হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে।

৭। যোগদানের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।

৮। চাকুরিতে জ্যেষ্ঠতা চউক কর্মচারি চাকুরি প্রবিধানমালা মোতাবেক এবং সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নীতিমালা অনুযায়ী নির্ধারিত হবে।

৯। এ নিয়োগের কোন শর্ত সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০। নিজ জেলার পুলিশ সুপারের দপ্তর হতে স্থায়ী ঠিকানা এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে (প্রযোজ্য ক্ষেত্রে) এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। যোগদানকারী নিজ জেলার পুলিশ সুপার হতে বাংলাদেশ ফরম-৫২০৪ এর মোতাবেক ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।

১১। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যোগদানের ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিজ জেলার সিভিল সার্জান কর্তৃক মেডিকেল ফিটনেস সম্বলিত স্বাস্থ্যগত সনদপত্র (ডোপ টেস্টসহ) দাখিল করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ

মোহাম্মদ মাহবুবউল করিম
সচিব
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
ফোন: ০২৩৩৩৩৬০৯৮৮
ই-মেইল: secretary @cda.gov.bd

স্মারক নম্বর-২৫.৪৭.১৫০০.০১৮.১১.০০১.২৩ - ২৫৩

তারিখ : ২০ শ্রাবণ ১৪৩৩
০৪ আগস্ট ২০২৬

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম
৩। সার্বক্ষণিক সদস্য, (অর্থ ও প্রশাসন), চউক
৪। সার্বক্ষণিক সদস্য, (প্রকৌশল ও পরিকল্পনা) ,চউক
৫। প্রধান প্রকৌশলী/প্রধান নগর পরিকল্পনাবিদ , চউক
৬। তত্ত্বাধায়ক প্রকৌশলী (সকল), চউক
৭। উপ-প্রধান নগর পরিকল্পনাবিদ, চউক
৮। অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চউক
৯। নির্বাহী প্রকৌশলী (সকল)/অথরাইজড অফিসার (সকল)/টাউন প্ল্যানার (সকল)/ঊর্ধ্বতন স্থপতি/সিষ্টেম এনালিস্ট, চউক
১০। সিনিয়র এস্টেট অফিসার/জনসংযোগ কর্মকর্তা, চউক
১১। এস্টেট অফিসার (ল্যান্ড/বিল্ডিং)/মূল্যায়ন কর্মকর্তা, চউক
১২। সেকশান অফিসার, সংস্থাপন-১/২/গোপনীয়/অডিট অফিসার/সিকিউরিটি অফিসার/পারচেজ অফিসার, চউক
১৩। বিল সহকারী, চউক
১৪। অফিস কপি

সচিব
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ